হাতের স্পর্শেই জ্বলছে বৈদ্যুতিক বাল্ব, ‘অদ্ভুত’ ক্ষমতা ভাই-বোনের!

শুধু হাত দিয়ে ছুঁয়ে দিলেই জ্বলে উঠছে বৈদ্যুতিক বাল্ব। অদ্ভূত এই কান্ড ঘটাচ্ছে ভারতের তেলেঙ্গনার আদিলাবাদের দুই ভাইবোন। আদিলাবাদ জেলার ভেলা মন্ডলের সিরসানা গ্রামের দুই ভাইবোন সমীর এবং সানিয়া। শুধু তারা হাত দিয়ে ছুঁলেই জ্বলে উঠছে এলইডি বাল্ব।

কৃষিশ্রমিক বাবা শেখচাঁদ পাশার দুই সন্তানের এই আজব ক্ষমতা আচমকা সমীর আর সানিয়াকে খবরের শিরোনাম করে তুলেছে। পাশাদের ছোট বাড়িতে এখন নিত্যদিনই ভেঙে পড়ছে ভিড়। পাশা জানালেন, কিছুদিন আগে তিনি ঘরের জন্য একটি এলইডি বাল্ব কিনে এনেছিলেন। সমীর সেটা বাবার কাছ থেকে নিয়ে ধরতেই বাল্বটি জ্বলে ওঠে। চমকে ওঠেন পাশা।
তারপর বেশ কয়েকবার একইভাবে ছেলেকে বাল্বটি স্পর্শ করতে বলেন তিনি। এবং প্রতিবারই তাকে অবাক করে জ্বলতে থাকে আলো। ভাইয়ের এই অদ্ভূত ক্ষমতা তার বোনের মধ্যেও প্রকাশ পায় কিনা দেখতে মেয়ে সানিয়াকেও বাল্বটি ধরতে বলেন পাশা। যথারীতি সানিয়ার স্পর্শে জ্বলে ওঠে বাল্ব।

এরপর তিনি নিজে বাল্বটি ছুঁয়ে দেখেন। কিন্তু বুঝতে পারেন তার মধ্যে সেই ক্ষমতা নেই। এই ঘটনায় রীতিমতো শোরগোল পড়ে যায় আদিলাবাদ জেলাজুড়ে। এই বিষয়ে এখনও কোনও বৈজ্ঞানিক ব্যাখ্যা মেলেনি বলে জানিয়েছেন বিজ্ঞানীরা।